দৈনিক জনকণ্ঠ

FEB. 06 2002

# ঘাটাইল কলেজের অধ্যক্ষসহ ১০ শিক্ষককে অবাঞ্ছিত ঘোষণা করেছে ছাত্রদল ক্যাডাররা ভয়ে কেউ কলেজে যেতে পারছেন না

**টাঙ্গাইল, ৫ ফেব্রুয়ারি, নিজস্ব সংবাদদাতা ॥** টাঙ্গাইলের ঘাটাইল জিবিজি কলেজের অধ্যক্ষ আবুল মুনসুর আহমেদসহ ১০ শিক্ষককে ছাত্রদলের ক্যাডাররা অবাঞ্ছিত ঘোষণা করেছে। গত ১ অক্টোবরের নির্বাচনের পর থেকে ঐ শিক্ষকরা কলেজে যেতে পারছে না। এসব শিক্ষককে আওয়ামী শিক্ষক হিসাবে চিহ্নিত করা হয়েছে। এই শিক্ষকবৃন্দ কলেজে এলে লাঞ্ছিত করা হবে এমন ঘোষণাও দিয়েছে ছাত্রদল। অভিযোগ উঠেছে, স্থানীয় বিএনপি এবং এক মন্ত্রীর শেল্টারেই ছাত্রদল ঘাটাইল কলেজে ত্রাসের রাজত্ব কায়েম করেছে। বিষয়টি নিয়ে প্রশাসনও বেকায়দায় পড়েছে। বিষয়টি সরকারের কয়েকজন মন্ত্রীকে অবহিত করা হয়েছে। এর পরও কোন সমাধান করা হচ্ছে না।

জানা গেছে, ঘাটাইল জিবিজি কলেজের অধ্যক্ষ এবং এ বছরের শ্রেষ্ঠ শিক্ষক আবুল মুনসুর আহমেদ, ব্যবস্থাপনা বিভাগের শিক্ষক এসএম মজিবর রহমান, বাংলা বিভাগের শিক্ষক সৈয়দ আব্দুর রউফ, অর্থনীতি বিভাগের অধীর চন্দ্র সাহা, হিসাববিজ্ঞানের চন্দন কুমার ভৌমিক, সমাজকল্যাণ বিভাগের শামসুল হক ও আবুল মোমেন, গণিত বিভাগের মতিয়ার রহমান এবং ইসলামের ইতিহাস বিভাগের শিক্ষক আব্দুস সালামকে আওয়ামী শিক্ষক হিসাবে কলেজে অবাঞ্ছিত ঘোষণা করা হয়েছে। ছাত্রদলের ক্যাডাররা এই ঘোষণা জারি করেছে গত নির্বাচনের দু'দিন পর থেকে। সেই থেকে এই ১০ শিক্ষক কলেজে যেতে পারছেন না। এসব শিক্ষক যদি কলেজে যায় তাহলে তাঁদের লাঞ্ছিত করা হবে। কারও কারও ক্ষেত্রে হত্যার হুমকিও দেয়া হয়েছে, বিশেষ করে কলেজ অধ্যক্ষ আবুল মুনসুর আহমেদের ওপর বিএনপির এবং ছাত্রদলের ক্ষোভ সবচেয়ে বেশি। কিছুদিন আগে (ডিগ্রী পরীক্ষা শুরুর প্রথম দিন) অধ্যক্ষ কলেজে গেলে তাঁকে লাঞ্ছিত করেছে ছাত্রদল ক্যাডাররা। আর যদি কোন দিন কলেজে তাঁকে দেখা যায় লাশ ফেলে দেয়া হবে বলে তাঁকে শাসানো হয়েছে। প্রাণভয়ে অধ্যক্ষ আবুল মুনসুর ঘাটাইল থেকেই অন্যত্র চলে গেছেন বলে জানা গেছে। দু'তিন জন অবাঞ্ছিত ঘোষিত শিক্ষক ইতোমধ্যেই ছাত্রদলের সঙ্গে সমঝোতা করে কলেজে যাতায়াত করছেন বলেও খবর মিলেছে।

ঘাটাইল কলেজের এমন অবস্থা সম্পর্কে জানতে ঐ কলেজের সভাপতি এডিসি জেনারেল মোহাম্মদ ইলিয়াসের সঙ্গে টেলিফোনে কথা হলে তিনি জানান, বিষয়টি নিরসনের চেষ্টা চলছে। অধ্যক্ষ আবুল মুনসুর সাহেব বর্তমানে ছুটিতে আছেন। পরিস্থিতি শান্ত হলেই তিনি কলেজে যোগদান করবেন। কলেজের সভাপতি হিসাবে আমি বিষয়টি গুরুত্বের সঙ্গেই দেখছি। অন্যদিকে ঘাটাইলের বিএনপির একটি সূত্র জানিয়েছেন, অধ্যক্ষ আবুল মুনসুর সাহেবকে খোদ মন্ত্রীই পছন্দ করছেন না। তিনি এই কলেজে 'আলটিমেটলি' থাকতে পারছেন না।